

Best Parent Award

প্রিয় অভিভাবক

যাইতুন একাডেমি প্রতি একাডেমিক সেশন শেষে **Best Parent Award** প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও **Best Student Award** ও **Best Teacher Award** প্রদান করা হবে। এওয়ার্ডপ্রাপ্ত অভিভাবককে পুরস্কার, সার্টিফিকেট, বিমান টিকেট, ক্রেস্ট ইত্যাদি প্রদান করা হবে ইনশাআল্লাহ। আমরা চাই প্রতিটি অভিভাবক বেস্ট এওয়ার্ড পাওয়ার যোগ্যতা অর্জন করুন। বেস্ট প্যারেন্ট এওয়ার্ড প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করা হবে:

ক্রম	বিষয়	বিস্তারিত বর্ণনা	মার্কস
০১	ডায়রি চেক	একজন অভিভাবকের প্রতিদিন যে কাজটি অবশ্যই করতে হয় সেটি হচ্ছে, ছেলে মেয়ের স্কুল ডায়রি চেক করে স্বাক্ষর করা। কোনো বিষয় দৃষ্টি আকর্ষণী থাকলে তা শিক্ষককে ডায়রির মাধ্যমে নোট দেয়া। ডায়রিতে স্বাক্ষরের আবশ্যিকতার বিষয়টি বছরের শুরুতেই সবাইকে বলা হয়েছে। বর্তমানে হার্টকপি ডায়রির পাশাপাশি ওয়েবসাইটেও ক্লাস ওয়ার্ক আপলোড দেয়া হচ্ছে। যাইতুন কর্তৃপক্ষ বছর শেষে ওয়েবসাইটে আপনার বিচরণ এবং ডায়রিতে নিয়মিত স্বাক্ষর ও ফলোআপের বিষয়টি মূল্যায়ন করবে।	প্রতিমাস ডায়রিতে স্বাক্ষরের জন্য ১০ মার্কস। ১২ মাসে মোট ১২০ মার্কস।
০২	শিক্ষক- অভিভাবক সম্মেলন (PTM) এ উপস্থিতি	ছাত্র-ছাত্রীদের একাডেমিক ও নন-একাডেমিক সার্বিক উন্নয়নের চিত্র তুলে ধরতে প্রতি ২ মাস অন্তর শিক্ষক ও অভিভাবক সম্মেলনের (পিটিএম) আয়োজন করা হয়। এই প্রোগ্রাম খুবই গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে অভিভাবকগণ তাদের সন্তানদের পড়ালেখা ও চারিত্রিক উন্নয়ন বিষয়ে বিস্তারিত জানতে পারেন। তারা শিক্ষকদের সাথে সন্তানের খুঁটিনাটি বিষয়ও শেয়ার করে শিক্ষককেও সমৃদ্ধ করতে পারেন। শিক্ষক ও অভিভাবকের উভয়ের সচেতন নার্সিংয়ের মাধ্যমে সন্তানরা উন্নতি করতে পারেন।	২০*৬=১২০
০৩	হাজিরা	সন্তানরা নিয়মিত স্কুলে উপস্থিতির বিষয়টি অভিভাবকের সচেতনতার ওপর নির্ভর করে। অনেক অভিভাবক বিষয়টি তেমন গুরুত্ব প্রদান করেন না। এতে সন্তানের একাডেমিক ক্যারিয়ার হুমকির মুখে পড়ে। ক্লাসে ১০০% উপস্থিতি নিশ্চিত করতে পারলে সন্তানরা অনেক কিছু শিখতে পারে।	শতভাগ উপস্থিতির জন্য ১০০ মার্কস।
০৪	নিয়মিত টিউশন ফি পরিশোধ	টিউশন ফি নিয়মিত সময়মতো প্রদান করা একজন সচেতন অভিভাবকের দায়িত্ব। টিউশন ফি ঠিকমতো আদায় না করলে শিক্ষকদের বেতন প্রদান ও প্রতিষ্ঠান পরিচালনা করা কষ্টকর হয়ে পড়ে।	প্রতি মাসের ৭ তারিখের মধ্যে বেতন পরিশোধ করলে মাসিক ১০ মার্কস ১০ তারিখের মধ্যে করলে ৫ পয়েন্ট। ১০ তারিখের পর করলে মাইনাস ৫ পয়েন্ট।

০৫	ইভেন্ট	ছাত্র-ছাত্রীদের একাডেমিক, মানসিক, শারীরিক, সাংস্কৃতিক ও আত্মিক উন্নয়নের জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন ইভেন্ট ও প্রোগ্রামের আয়োজন করা হয় যেমন: অরিয়েন্টেশন প্রোগ্রাম, পিঠা উৎসব, গরীব দুস্থদের খাদ্য সামগ্রী প্রদান, ঈদ রিইউনিয়ন, ওয়ান ডিশ পার্টি, ভ্রমণ ইত্যাদি। শিক্ষার্থীদের সার্বিক উন্নতির জন্য সকল ইভেন্টে অংশগ্রহণ অত্যন্ত জরুরি।	প্রতি ইভেন্টে ২০ মার্কস
০৬	ট্রেনিং সেশন, ওয়ার্কশপ, তারবিয়্যাহ প্রোগ্রাম, প্যারেন্টিং	যাইতুনের অভিভাবকদের সচেতন পিতামাতা হিসেবে গড়ে তুলতে মাঝে মধ্যে ট্রেনিং সেশন ও ওয়ার্কশপ কিংবা তারবিয়্যাহ প্রোগ্রাম আয়োজন করা হয়। এইসব প্রোগ্রামে অংশগ্রহণ করা খুব জরুরি। এতে অনেক কিছু জানা যায় বিশেষ করে সন্তান সঠিকভাবে লালন-পালন, তাদের একাডেমিক উন্নয়ন এবং অভিভাবকদের বিভিন্ন দক্ষতা ও জ্ঞান বৃদ্ধি পায়।	প্রতিটি প্রোগ্রাম ১০ মার্কস
০৭	পরীক্ষা	যাইতুন একাডেমিতে বছরে মোট দুই সেমিস্টার। প্রতি সেমিস্টারে মোট ৪টি পরীক্ষা আছে। ছাত্র-ছাত্রীরা প্রতিটি পরীক্ষায় সফলভাবে অংশগ্রহণে মা-বাবার ভূমিকা অত্যন্ত জরুরি।	মিডটার্ম পরীক্ষা=১০ ফাইনাল=২০ প্রতি টার্মে=৩০ মোট=৬০ মার্কস
০৮	ছুটি	জরুরি কারণে আপনার সন্তানের ছুটি প্রয়োজন হতে পারে। কিন্তু যথাযথভাবে ছুটি না নিয়ে স্কুলে অনুপস্থিত থাকাকাটা বড় ধরনের অনিয়ম হিসেবে বিবেচনা করা হয়। প্রতিটি অননুমোদিত ছুটির জন্য ১০ মার্কস করে কাটা হবে।	প্রতিটি অননুমোদিত ছুটির জন্য ১০ মার্কস মাইনাস
০৯	প্রতিযোগিতায় কৃতিত্ব	যাইতুনে বিভিন্ন ধরনের প্রতিযোগিতার আয়োজন করা হয় যেমন: কেব্রাত প্রতিযোগিতা, সিয়াম ও যাকাত বিষয়ক প্রতিযোগিতা ইত্যাদি। প্রতিটি প্রতিযোগিতায় শেণি ভিত্তিক প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করছে শিক্ষার্থীরা। এইসব শিক্ষার্থীদের বছর শেষে মেডেল ও সার্টিফিকেট প্রদান করা হবে।	প্রতিটি কৃতিত্বের জন্য অভিভাবকরা পাবেন ১০ মার্কস
১০	যাইতুনের জন্য অবদান	অনেক অভিভাবক আছেন যারা যাইতুনের জন্য অনেক কাজ করেন যেমন: অন্য আরো অভিভাবক নিয়ে আসেন, বাচ্চা ভর্তি করেন, ভালো পরামর্শ প্রদান করেন, কর্তৃপক্ষের ভুলগুলোর গঠনমূলক সমালোচনা করেন, যাইতুনের যেকোনো সহযোগিতায় ইতিবাচক ভূমিকা পালন করেন। এইসব অভিভাবক যাইতুনের সম্পদ। এদেরকে পুরুস্কৃত করা আমাদের কর্তব্য।	সামগ্রিক বিবেচনায় প্রতি অভিভাবকের জন্য ২০ মার্কস
১১	Bad Parent	আমরা যেমন বেস্ট প্যারেন্টস এওয়ার্ড দিতে যাচ্ছি ঠিক তেমনি ব্যাড প্যারেন্টসদের জন্য কিছু পদক্ষেপ নেওয়া হবে। যে সমস্ত অভিভাবক স্কুলের কোনো নিয়ম নীতি মানেন না তারা মূলত তাদের সন্তানের ক্ষতি করছেন। পিতা-মাতা ও অভিভাবক হিসেবে নিয়মিত সন্তানের সামগ্রিক উন্নতি নিয়ে কাজ করা তাদের কর্তব্য। ডায়রিতে স্বাক্ষর না করা, অভিভাবক শিক্ষক মিটিং (PTM) এ অংশগ্রহণ না করা, সময়মতো টিউশন ফি না দেয়া, বাচ্চাকে ঠিকমতো সময়ে স্কুলে ড্রপ না করা, স্কুল ইউনিফর্ম নিয়মিত না পরানো, অনুমতি ছাড়া ছুটি কাটানো ইত্যাদি কাজ অভিভাবককে Bad Parent এর তালিকায় প্রবেশ করাতে পারে।	এই ধরনের অভিভাবকদের প্রথমে সতর্ক করা হবে। সতর্কীকরণে কাজ না হলে তাদের সন্তানদের পরবর্তী সেশনে না নেওয়ার মত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে কর্তৃপক্ষ।
১২	নোট	২০২৪ সালের জন্য শুধুমাত্র জুলাই থেকে ডিসেম্বর মাস এই ৬ মাসের ওপর ভিত্তি করে বেস্ট প্যারেন্ট এওয়ার্ড প্রদান করা হবে।	সবাই এওয়ার্ডের জন্য সচেতন হোন